

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৪

৭. শিকার অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ৮. 'যব্ব' (গুইসাপ সদৃশ মরুভূমির একটি প্রানী) জাতীয় প্রাণী খাওয়া সম্পর্কে

بَابِ فِي أَكْلِ الضَّبِّ

আরবী

أُخْبَرَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا الْحَكَمُ قَالَ سَمِعْتُ زَيْدَ بْنَ وَهْبٍ يُحَدِّثُ عَنْ الْبَرَاءِ بْنِ عَازِبٍ عَنْ ثَابِتِ بْنِ وَدِيعَةَ قَالَ أُتِيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِضَبٍّ فَقَالَ أُتِيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِضَبٍّ فَقَالَ أُمَّةٌ مُسِخَتْ وَاللَّهُ أَعْلَمُ

বাংলা

২০৫৪. বারা'আ ইবনু আযিব রাদ্বিয়াল্লাহু আনহু ছাবিত ইবনু ওয়াদিয়াহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট 'দব্ব' পেশ করা হলে তিনি বললেন: "(পূর্ববর্তী বনী ইসরাঈলীদের মধ্যকার) আকৃতি পরিবর্তিত একটি জাতি। আর আল্লাহই সর্বাধিক অবগত।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ক: এর সনদ সহীহ। তবে সাহাবীর নাম নিয়ে মতভেদ রয়েছে। কেউ বলেছেন, 'ছাবিত ইবনু ইয়াযীদ-ইবনুল কানি' তে 'যাইদ' লিখা হয়েছে। কেউ বলেন, ছাবিত ইবনু ওয়াদিয়াহ। আবার বলা হয়: তাঁর পিতার নাম ইয়াযীদ এবং মাতার নাম ওয়াদিয়াহ'।

তাখরীজ: আহমাদ ৪/২২০; ইবনু আবী শাইবা ৮/২৬৭ নং ৩৪৯৬; বুখারী, তারীখুল কাবীর ২/১৭১; নাসাঈ, সাইদ ওয়ায যাবাইহ ৭/,১৯৯, ২০০; তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/১৯৮; ইবনুল কানি', মু'জামুস সাহাবাহ, তরজমাহ ১৩১; আবূ দাউদ, আত'আমাহ ৩৭৯৫; ইবনু মাজাহ, সাইদ ৩২৩৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন